

BDCOMCN.COM

3rd Anniversary of

BANGLADESH COMMUNITY IN CHINA

সূচিপত্র

(ছোট গল্প)

ওকে দেখলেই ৫২ আর ৭১ মনে পড়ে	৫
বোবা বাঁশির কান্না	৮
অবলম্বন প্রেম ২	১১
বিদেশ বাড়িতে পয়লা ঈদ	১৮

(কবিতা)

শেখ মুজিবুর রহমান	২২
চাইনা কোথাও যেতে	২৩

(ভ্রমন)

ফাংশানের 'ইউন জু' মন্দিরে একদিন-১	২৫

(ইংরেজী প্রবন্ধ)

A student's-eye view of "Life in China"	২৮
Higher Education in China	৩০

(বাংলা প্রবন্ধ)

মাল	৩৫

(চীনা প্রবন্ধ)

古今北京，今非昔比	88

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
42 GUANG HUA LU, BEIJING-100600
Tel: 0086-10-65322521, 65323706
Fax: 0086-10-65324346

AMBASSADOR

-বাণী-

বিজয়ের ৪০তম বার্ষিকীতে সকল পাঠক এবং চীনে প্রবাসী বাংলাদেশী ভাই বোনকে জানাই আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। আমরা সবাই জানি যে, যতবড় বিজয়ই হউক না কেন সেখানে এসে আমাদের চাওয়া পাওয়ার সংগ্রাম শেষ হয়ে যায় না। বরং, প্রতিটি বিজয়েই সেই বিজয়কে সংহত করার, তাকে অভিষ্ট লক্ষ্যে এগিয়ে নেয়ার এবং নিয়ত নতুন নতুন চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের সদা জাগ্রত, সদা প্রস্তুত এবং সদা পরিশ্রমী থাকা প্রয়োজন। আসুন আজকের বিজয় দিবসে আমাদের পূর্বের সমস্ত বিজয়কে অভিষ্ট লক্ষ্যে এগিয়ে নিতে এবং প্রতিদিনের নতুন নতুন সংগ্রামে বিজয় অর্জনের প্রতিজ্ঞায় আমরা সবাই সম্মিলিত হই, সবাই একযোগে কাজ করি, সততা ও নিষ্ঠায় নিজেদেরকে বলীয়ান করি। আমাদের এই নিয়ত সংগ্রামে চির দিশারী হয়ে থাকবেন সেই সমস্ত মহান শহীদ ও বীরযোদ্ধা যাদের চরম ত্যাগ ও সাহসিকতার বিনিময়ে অর্জিত আমাদের এই বিজয়, স্বাধীনতার লাল সবুজ পতাকা। তাঁদের জানাই আমাদের হৃদয় নিংড়ানো শ্রদ্ধা। বিজয়ের এই উৎসবে সমগ্র জাতির সাথে একাত্ম হয়ে আসুন আমরাও পরম শ্রদ্ধায় ও সর্বোচ্চ সম্মানে স্মরণ করি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে। এবং তাঁর কীর্তিমান জীবন থেকে প্রেরণা ও শিক্ষা গ্রহন করে নিজেদেরকে প্রস্তুত করি বর্তমান ও আগামীর সংগ্রামের জন্য।

তারিখ ঃ পেইচিং, ১৬ ডিসেম্বর ২০১১

মুন্সি ফয়েজ আহমদ
রাষ্ট্রদূত

ছোট গল্প

ওকে দেখলেই ৫২ আর ৭১ মনে পড়ে

সুদীপ্ত

ছেংদু, চীন

আলাসিনকে বুকের গভীর থেকে ভালবেসেছি। ও সত্যিকারের মানুষ, যে স্বাধীনতা আর মাতৃভাষার মর্ম বুঝেছে। ও সত্যিকারের মানুষ,যে নিজের মন থেকে যুদ্ধ শুরু করেছে এবং স্বপ্ন দেখেছে, তার সন্তানেরা আর কোনদিন শাসকের হাতে গড়া পুতুল হবে না। আমরা পারিনি। আমরা পারি না। আমরা অনেকেই আলাসিন হতে পারিনি। দিনের মধ্যে ছেলেটাকে যতবার দেখি,ততবার আমার ৫২ আর ৭১ সংখ্যাদুটো মনে আসে। আমি আনমনে আওড়াই মুক্তির পথ।

মালি একটা আফ্রিকান দেশ। কালো মানুষের ঘনবসতি। জীবনযাত্রায় দরিদ্রতা মিশে থাকে। ছেলেমেয়েরা বর্ণবৈষম্য নিয়েই বেড়ে ওঠে পৃথিবীর বুকে। সেখানকার একঘর মুসলিম, আচার পালন করতে জীবন বাজি রাখে। জীবনের কঠিন ফ্রেমে বন্দী করে সব সুখ। সেই পরিবারটির সব থেকে ছোট ছেলে, আলাসিন ৫ ফুট পেরিয়ে ৬ ফুট ছুঁই ছুঁই। মাথার চান্দি ছিলা নামমাত্র একগাছা কোকড়া চুল। সেদিন সেটাও ছেঁটে দিয়েছে বোকা চৈনিক নাপিত। ছেলেটি বাড়িঘরের মায়া কাটিয়ে এতদূর দেশে এসেছে পড়তে। আমার সাথেই পড়ে। একসাথে যাওয়া আসা, অল্প কথায় কিছু উত্তর, কিছু প্রশ্ন। তাও আবার কিছু চাইনিজে, কিছু ইংরেজিতে।

সব সময় দেখেছি ওর শান্ত চেহারায় ভয়ের ছাপ। হাটাচলায় কিসের যেন একটা কুণ্ঠা। কখনও জিজ্ঞাসা করা হয়নি। নামায, মুসলিম ক্যান্টিনের খাবার, আর একটা পাঞ্জাবী গায়ে ওর সরল চলাফেরা আমাকে বলে দিত, ওর কষ্টটা আসলে অন্য জায়গায়। করেও সফল হইনি।

এখানে বলে নেয়া ভাল, ও আমার সহপাঠী। দুজনে একসাথে চাইনিজ শিখেছি। প্রথম পরিচয় সাংহাইতে। দুজনেই চাইনিজ সরকারের বৃত্তি পাই এবং সাংহাই থংচি বিশ্ববিদ্যালয়ে এক বছর ভাষা শিখতে হয়েছে আমাদের।

www.bdcomcn.com

ওকে দেখলেই ৫২ আর ৭১ মনে পড়ে

সেদিন সন্ধ্যাবেলা, একসাথে বেরিয়েছি। হাটতে হাটতে জিজ্ঞাসা করলাম, তোমার চাইনিজ বুঝতে সমস্যা হয় বলে একজন ফ্রেঞ্চ জানা শিক্ষিকা দেয়া হল। কিন্তু তুমি পড়াশোনা করছ না, এমনকি ফ্রেঞ্চ ও বলছ না, কেন?

আলাসিন যা বলল, তা শুনে আমার মনে হল ওর মত দেশপ্রেমিক হয়তো আমি চোখে দেখিনি। নেতাজী সুভাষ-চন্দ্র আমার এক আদর্শ, সূর্যসেন ছোটবেলার নায়ক, ৫২ তে দেখা সকল যোদ্ধা, ৭১ এর সকল শহীদ, আরও কত দেশপ্রেমিক। কিন্তু আলাসিন একেবারেই অন্যরকম। ওর সেদিনের ছোট্ট কথাগুলোর হুবহু বাংলা করলে এমনটি দাড়ায়-

"মালি একসময়ের ফরাসী উপনিবেশ। ফরাসীরা মালির সার্বভৌমত্ব নিয়ে যে খেলাটা খেলেছে তা কারও অজানা নয়। বদলে দিয়েছে শিকড়ের সব গন্ধ। সমাজ থেকে শুরু করে আত্মপরিচয়। সব বদলে গেছে উপনিবেশবাদের করালগ্রাসে। সে সব কালো দিনে আমার জন্ম হয়নি। লোকে বলে আমার মাতৃভাষা ফ্রেঞ্চ। আমি চুপ করে শুনি। কিন্তু কিছু বলি না। আমি জানি, আমার মাতৃভাষা ফ্রেঞ্চ না। আমি মনেপ্রাণে যে জাতিকে ঘৃণা করে এসেছি জন্মের পর থেকে, যাদের জন্যে আমার মাতৃভূমি পরাধীনতার কবলে, তাদের ভাষাকে জোর করে চাপিয়ে দিয়েছে আমাদের উপর। আমার দেশের আর সবাই কত আনন্দে ফ্রেঞ্চ বলে। কিন্তু আমি বলতে গেলে কেমন জানি বিবেক নাড়া দেয়। আমি পারি না। দেশে থাকলে ওটা বাঁচার তাগিদে বলতে হতো। কিন্তু এখন আমি সেই খোলস মুক্ত। আমি আর কোনদিন ঐ ভাষায় কথা বলতে চাই না। আর কোনদিন শুনতে চাই না আমার মাতৃভাষা একটা ঔপনিবেশিক শিকড়। আমি আজীবন চেষ্টা করে যাব, যেন এই ভাষার শাসন থেকে মুক্তি পাই।"

পরে জেনেছি আলাসিনের একটা নামীদামী স্কলারশিপ হয়েছিল ফ্রাঞ্চে। সানন্দে অগ্রাহ্য করে চলে এসেছে। আমি ভাবি, আলাসিনের মত একটা অল্পবয়সী ছেলের দেশপ্রেম যদি এই হয়, আমাদের দেশের নামকরা ব্যারিস্টার, রাজনীতিবিদ, একসময়ের মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা, কিংবা মেধাবী ছাত্ররা, আজও কেন বাংলাকে মায়ের ভাষা, আর বাংলাদেশকে মাতৃভূমি হিসাবে মেনে নেয় না !!!!!

www.bdcomcn.com

ওকে দেখলেই ৫২ আর ৭১ মনে পড়ে

আলাসিনকে বুকের গভীর থেকে ভালবেসেছি। ও সত্যিকারের মানুষ , যে স্বাধীনতা আর মাতৃভাষার মর্ম বুঝেছে। ও সত্যিকারের মানুষ,যে নিজের মন থেকে যুদ্ধ শুরু করেছে এবং স্বপ্ন দেখেছে, তার সন্তানেরা আর কোনদিন শাসকের হাতে গড়া পুতুল হবে না। আমরা পারিনি। আমরা পারি না। আমরা অনেকেই আলাসিন হতে পারিনি। দিনের মধ্যে ছেলেটাকে যতবার দেখি , ততবার আমার ৫২ আর ৭১ সংখ্যাদুটো মনে আসে। আমি আনমনে আওড়াই মুক্তির পথ।

----------o----------

www.bdcomcn.com

বোবা বাঁশির কান্না

ফয়সাল বারী

জিয়াংসু, চীন

মাফলার দিয়ে গলা মুখ ঢেকে ক্লাশের দিকে যাচ্ছি। বাতাসের প্রবল ঝাঁপটা আমার গরম কাপড় ভেদ করে হাড় পর্যন্ত গিয়ে ঠেকছে, আর দাতেঁ দাতঁ লেগে সৃষ্টি হচ্ছে শৈত্য সঙ্গীত। ক্লাসে পৌছাতে পৌছাতে ১০ মিনিট লেট। আমার শীতে নাযেহাল হওয়া অবস্থা দেখে ফিনল্যন্ডের মেয়েটা মিটি মিটি হাসে। আমি মনে মনে বলি ওরে সাদা ভাল্লুক তুই কী করে বুঝবি আমার কষ্ট, তুই তো থাকিস বরফের আড়ৎ-এ।

সকালের ঘুমের মত এত আরামের ঘুম স্বর্গেও আছে কিনা তা আমার জানা নেই। বরং সকালের ঘুমকেই আমার স্বর্গীয় মনে হয়। সেই স্বর্গীয় ঘুমে হঠাৎ দোযখের আলামত টের পেয়ে ধড়মড় করে উঠে বসলাম। কারণ অনুসন্ধানে দেখা গেল আমার বেরসিক মোবাইল ফোন কর্কশ গলায় জানান দিচ্ছে- “ঘুম থেকে ওঠো ক্লাসে যাওয়ার সময় হয়েছে” । মোবাইল ঘড়ির দিকে তাকাতেই দেখি ৮:২০, কিন্তু আমি তো এ্যলার্ম সেট করেছিলাম ৮:০০! বুঝতে আর বাকী রইল না এই ক্ষুদ্র যন্ত্র তার ভোকাল কর্ডের পূর্ণাঙ্গ ব্যবহার করেও আমার মত গণ্ডারের ঘুম ভাঙ্গাতে পারেনি। রবার্ট ব্রুসের ন্যায় নিরাশ না হয়ে সে তৃতীয় দফায় চিৎকার করে আমার স্বর্গীয় ঘুম ভাঙ্গাতে সমর্থ হল। তড়িঘড়ি করে হাত মুখ ধুয়ে গায়ে গরম কাপড় চাপিয়ে, দৌড়ে নামলাম ছয় তলা থেকে। নেমেই টের পেলাম আজ কপালে কী আছে, একে তো শীত তার উপর প্রচণ্ড বাতাস। ডরমিটরির গেটে টানানো আবহাওয়ার রিপোর্টে চোখ বুলাতেই দেখি আজ সর্বনিম্ন ২ আর স্বর্বোচ্চ ৬ ডিগ্রী সেলসিয়াস। এই শীতে কম্বল মুড়ী দিয়ে ঘুমানোর কোন বিকল্প নেই। কিন্তু বেরসিক প্রফেসর গুলোর কারনে তা আর হয়ে ওঠে না। ঠিক ক্লাসে যেয়ে দেখব আমরা পৌঁছানোর আগেই প্রফেসর হাতে একটি গরম পানির ফ্লাক্স নিয়ে বসে আছে। জাগতিক কোন সুখ-দুঃখ কি এদের স্পর্শ করে না? এদের ঈশ্বর ভাল বলতে পারবেন।

মাফলার দিয়ে গলা মুখ ঢেকে ক্লাসের দিকে যাচ্ছি। বাতাসের প্রবল ঝাঁপটা আমার গরম কাপড় ভেদ করে হাড় পর্যন্ত গিয়ে ঠেকছে, আর দাতে দাঁত লেগে সৃষ্টি হচ্ছে শৈত্য সঙ্গীত। ক্লাসে পৌছাতে পৌছাতে ১০ মিনিট লেট। আমার শীতে নাজেহাল হওয়া অবস্থা দেখে ফিনল্যান্ডের মেয়েটা মিটি মিটি হাসে। আমি মনে মনে বলি ওরে সাদা ভাল্লুক তুই কী করে বুঝবি আমার কষ্ট, তুই তো থাকিস বরফের আড়ৎ-এ।

www.bdcomcn.com

বোবা বাঁশির কান্না

ক্লাস শেষ হলো ১১ টায়। সকালের নাস্তা হয়নি, ক্যান্টিনে যেয়ে খাওয়া যায়। কিন্তু সকাল বেলা-ই বাংলার পেট চৈনিক খাবারের স্বাদ নিতে রাজী নয়। দেশে থাকা অবস্থায় চৈনিক খাবারের প্রতি যে প্রীতি ছিল তা চৈনিক নগরীতে আসার পর তলানিতে গিয়ে ঠেকেছে।

রুমে আসার পর দেখি আমার শস্য ভাণ্ডারের মজুদ ফুরিয়ে এসেছে, উনুন জ্বালানো সম্ভব নয়। অগত্যা কাঁধের ব্যাগ নামিয়ে বাজার মুখে রওনা হলাম। শীতের সাথে প্রচণ্ড বাতাস যা শরীরকে স্থবির করে দিতে চায়। কিন্তু জিহ্বার কাছে শরীরের পরাজয় দেখে মনে মনে বলি- হায়রে বাঙ্গালী সারা জীবন জিহ্বার দাসত্বই করলি। আমার ডরমিটরির থেকে বাজার খুব বেশি দূরে নয়, মাত্র ৫-৭ মিনিটের পথ।

বাজারে ঢুকেই তড়িঘড়ি করে আলু, কপি, পিয়াজ, মরিচ, টমেটো আর শসার মতো দেখতে লাউ কিনে ফেললাম, মুরগী কিনলাম ১৮ পিছ। পাঠক দয়া করে চোখ কপালে তুলবেন না। এখানকার লোকজন শ্রেণীকরণে বিশ্বাসী। তাই তারা আস্ত মুরগী বিক্রি না করে - ডানা, মাথা, রান এর সবগুলোই আলাদা আলাদা করে বিক্রি করে। অর্থাৎ প্রত্যেকটি অঙ্গের ঠাঁই হয় তার সমগোত্রে। মুরগী কেনা শেষ করে দেখি বাজার করা মোটামুটি শেষ। এখানে বাজার করলে এই এক যন্ত্রণা, পকেটে প্রচুর ধাতব মুদ্রার আগমন ঘটে। ভাগ্যিস এদের রাস্তা আবুল বানায়নি। তাহলে হয়ত গন্তব্যে পৌঁছে দেখা যেত পকেটের অর্ধেক পয়সা রাস্তায় বিসর্জন দিয়ে এসেছি। পকেটে পয়সা থাকলেও আরেক যন্ত্রণা, সে তার অস্তিত্ব জানান দেয় সমসময়।

বাজারের গেট থেকে বাইরে বেরুতেই একটি করুন সুর আমার কানে ভেসে আসল। সুরটি এতই করুন যে বুকের ভেতর মোচড় দিয়ে ওঠে। আমার কাছে মনে হচ্ছিল কেউ একজন হয়তো সুর দিয়ে কান্না করছিল। যতই সামনে এগুতে থাকি কান্নার শব্দ ততোই তীরের মত এসে বুকে বিঁধতে লাগলো। মেইন রাস্তা পার হলেই আমার ক্যাম্পাসে ঢোকার গেট। সিগন্যালের অপেক্ষায় দাঁড়িয়ে আছি আর মনে মনে সুরের উৎস খোঁজার চেষ্টা করছি। হঠাৎ সুরের উৎস খুঁজে পেলাম। দেখি ফুটপাতের এক কোনায় বসে এক বৃদ্ধ লোক বাঁশি বাজাচ্ছে যার দুটো পা-ই কাটা। এই প্রচণ্ড শীতের মাঝে রাস্তায় বসে বসে বাঁশি বাজাচ্ছে শুধু দুটো পয়সার জন্য। লোকটার গায়ে যদিও বেশ কয়েকটা গরম কাপড় ছিল কিন্তু শীতের তীব্রতার কাছে তারা হার মেনে যাচ্ছিল।

www.bdcomcn.com

বোবা বাঁশির কান্না

সামনে এগিয়ে গিয়ে পকেট থেকে দুটো পয়সা বের করে থালাতে ফেলতেই, লোকটি বাঁশির শব্দ থামিয়ে এমন ভাবে "শিয়ে শিয়ে" (চীনা ভাষায় ধন্যবাদ) বলে উঠলো যেন করুন সুরের সাথে কৃতজ্ঞতার ঢেকুর বেড়িয়ে আসলো। আর ঠিক তখনই মনে পড়ে গেল আমার দেশের সেই সকল মানুষের কথা, যাদের এই প্রচণ্ড শীতেও একটি পাতলা কাপড় ছাড়া আর কিছুই থাকে না গায়ে দেবার মত, আবার কারো কারো বেলায় তাও থাকে না। আমার বাড়ি উত্তরবঙ্গে, ওখানকার শীত সম্পর্কে আশা করি সবারই ধারনা আছে। আমি তখন ক্লাস ফাইভ কি সিক্সে পড়ি, গ্রামের বাড়ী যেয়ে দেখি আমার বয়সী ছেলেরা সুপার ম্যানের মত গলায় তপন (সিরাজগঞ্জে লুঙ্গির আঞ্চলিক শব্দ) বেঁধে ঘুরাফেরা করছে। ছোট বেলায় ও দেখে খুব মজা পেলেও এখন তা মনে আসতেই চোখের কোণায় শিশির বিন্দু জমে উঠে। কারন তপন তারাই বাঁধতো যাদের ওই লুঙ্গিটাই শীতের একমাত্র অবলম্বন, যা দিয়ে শুধু পিঠের অংশটুকুই ঢাকা যায়। বাংলাদেশে এমন হাজার হাজার লোক আমরা প্রতিদিনই দেখি। যাদের গায়ে শীতের কাপড়তো দুরের কথা একটি পাতলা আবরণও নেই। এসব দেখতে দেখতে আমরা এখন অভ্যস্ত। তাদের দেখে আমাদের বিবেক আর জাগ্রত হয় না, অনুভূতিও নাড়া দিয়ে ওঠে না। আমাদের ভাবটা এমন, যেন এই ই নিয়ম, এটাই তাদের নিয়তি। শীত চলে এসেছে, আমরা সবাই শীতের কাপড়ের মজুত বাড়াতে ব্যস্ত। কিন্তু একবারও কি ভেবে দেখেছি আমার দেশের সেই সকল হতভাগাদের কথা যাদের এই শীত কাটাতে হবে রেল-ষ্টেশনে, বাস টার্মিনালে, ফুটপাতে কিংবা পার্কের বেঞ্চিতে অথবা আমাদের দৃষ্টি পৌছায় না এমন কোন জায়গায়।

এই হতভাগাদের দেখার মত কেউ নেই, ভাগ্যও এদের দিকে মুখ ফিরে তাকায় না।

আমরা কি পারি না তাদের জন্য কিছু করতে! আমরা কি পারি না তাদের জন্য আমাদের সহানুভূতির হাতটা একটু বাড়িয়ে দিতে!

----------o----------

www.bdcomcn.com

অবলম্বন প্রেম ২

মোশতাক শাকিল আহমেদ

আনিসের সাথে রিয়ার বয়সের পার্থক্য বছর আটেক, এর জন্য মাঝে মাঝে রিয়ার খোটা শুনতে হয় কিন্তু বেশীর ভাগই ঠাট্টার ছলে। রিয়া বার দুয়েক শক্ত প্রেমে অনেক কষ্ট পেয়ে শেষ পর্যন্ত সম্পর্কের ক্ষেত্রে 'ধীরে চল' পথ নিয়েছে। অনেক আনন্দের মেয়ে, লম্বা ছিপছিপে গঠন, আসলে শুধু ছিপছিপে গঠন বললে কম বলা হবে, রিয়ার স্লিম ভাবটা একেবারে আনুপাতিক, মাথা থেকে পা পর্যন্ত।

(১)

আজ শনিবার, ভেবেছিল বেলা করে ঘুমাবে কিন্তু সকাল সকাল ঘুম ভেঙ্গে গেল আনিসের। সপ্তাহের দিনগুলিতে ঘুম থেকে উঠেই তাড়াহুড়ো লেগে যায় অফিসে যাবার প্রস্তুতির জন্য। লন্ডনের ভিক্টোরিয়া স্ট্রিটের যে অফিসে আনিস গত তিন বছর আগে শুরু করেছে সেখানে প্রতিদিন সকালের ব্যস্ত রাস্তা দিয়ে পৌছুতে এক ঘন্টারও বেশি সময় লাগে। অনেকবার ভেবেছে সোলবুরির এই বাসা ছেড়ে দিয়ে অফিসের কাছাকাছি কোথাও বাসা নিয়ে নিবে কিন্তু এই করি করি করে আর করা হয়নি।

শনিবারের সকালের দুই ভিন্নতা আনিসের ভালো লাগে, যেদিন ঘুম থেকে আগে উঠে যায়, সেদিন অনেকক্ষণ আলগা হয়ে বিছানায় শুয়ে থাকা, অনেকটা অলস-ভাবে, এটা ওটা নিয়ে ভাবা, আধো ঘুম আধো জেগে থাকা, কোন নভেল বা পত্রিকা হাতের কাছে নিয়ে চোখ বোলানো। আর ভাল লাগে বাধাহীন সময়ক্ষেপণ। এমনিতেই শনিবার দুপুর পর্যন্ত কখনোই কোন প্ল্যান রাখে না, সম্ভব হলে রিয়াকেও শুক্রবার রাতে ওর ফ্ল্যাটে থাকার ব্যাপারে অতি কৌশলে এড়িয়ে যাবার চেষ্টা করে। শনিবারটা আনিস শুধু নিজের জন্য রাখতে চায়।

রিয়ানার সাথে আনিসের সম্পর্ক প্রায় দুবছরের মত। রিয়ার মা-বাবা বাংলাদেশী আর রিয়ার জন্ম ব্রেমিংটনে, বাংলাদেশে কোনদিন যায়নি সে, বাংলাও বলতে, পড়তে বা লিখতে পারে না - যেটা একটু অবাক করা ব্যাপার, কারন এখানকার বেশিরভাগ বাংলাদেশী মা-বাবা নিজের সন্তানদের বাংলাটা শেখায়। রিয়ার মা-বাবার সম্ভবত নিজেদের জন্মভূমি আর মাতৃভাষা নিয়ে অন্য ধরনের দর্শন ছিল।

www.bdcomcn.com

অবলম্বন প্রেম ২

আনিসের সাথে রিয়ার বয়সের পার্থক্য বছর আটেক, এর জন্য মাঝে মাঝে রিয়ার খোটা শুনতে হয় কিন্তু বেশীর ভাগই ঠাট্টার ছলে। রিয়া বার দুয়েক শক্ত প্রেমে অনেক কষ্ট পেয়ে শেষ পর্যন্ত সম্পর্কের ক্ষেত্রে 'ধীরে চল' পথ নিয়েছে। অনেক আনন্দের মেয়ে, লম্বা ছিপছিপে গঠন, আসলে শুধু ছিপছিপে গঠন বললে কম বলা হবে, রিয়ার স্লিম ভাবটা একেবারে আনুপাতিক, মাথা থেকে পা পর্যন্ত। ছোট সুন্দর মুখে অদ্ভুত সুন্দর দুই চোখ, সোজা নাক আর চিকন ঠোট, সাদা ধবধবে দাঁতের হাসি-সবকিছু মিলিয়ে অনেক পুরুষের স্বপ্নমেয়ে বললে ভুল বলা হবে না। বিছানায় রিয়ার শৈল্পিক রূপ আর রসায়ন, সম্পর্কের প্রথম দিকে আনিস রিয়ার সান্নিধ্য পাবার জন্য উতলা হয়ে সারা সপ্তাহ অপেক্ষা করত, অথচ সেই আনিস এক বছরের মাথায় গতকাল কাজের চাপের কথা বলে রিয়া যাতে রাতে না আসে, সেই ব্যবস্থা করেছে। একটু অপরাধ-বোধে ভোগে, দুপুরের পর রিয়াকে ফোন করতে হবে- ভাবে আনিস এখন আপাতত কফির দরকার, কফি বানাতে উঠে পড়ে দ্রুত।

(২)

অনেক সকালে ঘুম থেকে উঠতে হয় সৈকতকে, তিন বছর আগে ইরিনা জন্মাবার পর থেকে শনি-রবিবার গুলোর থেকে সপ্তাহের দিনগুলো অনেক বেশি সহজ, সকালে উঠে তাড়াতাড়ি বের হয়ে পড়তে পারলেই রক্ষা, বিভা বাকিটুকু সামলে নিতে পারে। কিন্তু উইকেন্ডে সে অবস্থা থাকে না, অবশ্য সেটা নিয়ে সৈকতের কোন হা-হুতাস নেই, নিজের মেয়েকে একটু সময় দিতে পারাটা অনেক আনন্দের। ইংল্যান্ড থেকে আমেরিকার শিকাগোতে চলে আসার পর এখন পর্যন্ত কোথাও ছুটি কাটাতে যাওয়া হয়নি, ফলে জীবন হয়ে উঠেছে একঘেয়ে আর বিরক্তিকর। জীবনের এই যান্ত্রিকতার জন্যই হয়ত পশ্চিমা দেশগুলির মানুষদের এত ভেকেশন ভেকেশন নিয়ে লাফালাফি করতে হয়। ইরিনা খুব দ্রুত বাংলা শিখে ফেলছে, প্রায় পুরো বাক্য বলে ফেলতে পারে, সম্ভবত মেয়েরা ছেলেদের চেয়ে দ্রুত ভাষা শিখতে পারে

- আব্বু এখন ঘুম ওঠার সময়
- হা মামনি আমি উঠে পরেছি, তোমার আম্মু কোথায়
- মা খাবার

www.bdcomcn.com

অবলম্বন প্রেম ২

ইরিনা বাবার চুল টানে, উঠে পরে সৈকত, মেয়েকে কোলে নিয়ে বসার ঘরে আসে, রান্না ঘরে উঁকি মেরে থেকে কঠিন মুখে নাস্তা বানাচ্ছে বিভা

- গুড মর্নিং বিভা
- হুম ..
- কি ব্যাপার, দিনের শুরুতে মুড অফ মনে হচ্ছে?
- তোমার মেয়ে সেই সকাল থেকে জ্বালাচ্ছে, ঠিকমতো ঘুমাতেও দিলো না। আমি তো আর তোমার মত বেলা করে নাক ডেকে ঘুমাতে পারি না

মনে মনে চরম বিরক্ত হয় সৈকত, সারাদিন বাচ্চার দুষ্টামি নিয়ে অনুযোগ করা ছাড়া আর নতুন কোনো কথা নেই ইদানীং। প্রায় প্রতি শনিবার শুরু হয় এভাবে। হিউমান রিসোর্স ডিপার্টমেন্ট-এ চাকুরী, সারা সপ্তাহ যায় কর্পোরেট পলিটিক্স নিয়ে- কোথায় সপ্তাহান্ত কাটাবে বউ বাচ্চা নিয়ে নিরিবিলি, সেটাও হবার জো নেই এর প্যান্প্যানিতে।

-বাদ দাও নাস্তা, চলো ব্রাঞ্চ করি গিয়ে। আজ সিজলার-এ গিয়ে মেক্সিকান কেমন আইডিয়া?

-রাতে যাই? এখন নাস্তার পর তুমি বরং ইরিনাকে নিয়ে বেরিয়ে এসো, সেই ফাঁকে আমি একটু ঘুমিয়ে নেই

-কেন, রাতে স্বামীকে নিয়ে কোন প্ল্যান আছে?

-আর ঢং করতে হবে না নতুন বিবাহিতের মত

ভিতরে ভিতরে একটু দমে যায় বিভা, স্বামীর সাথে ওই বিশেষ ব্যাপারটার কথা মনে হলেই আনিসের চিন্তা চলে আসে। এখন পর্যন্ত বিভা আনিসের প্রতি ওর কিরকম অনুভুতি সেটা বুঝতে পারেনি। নিজেকে বুঝতে না পারাটা খুব কষ্টের। বিভা বোঝেনা কিভাবে তার সমবয়সী মেয়েরা – বিবাহিত আর অবিবাহিত হোক, একটার পর একটা বয়ফ্রেন্ড বানিয়ে চলেছে, একজনের পর আরেকজনের সাথে থাকছে, শুচ্ছে- আপাত কোন রকম সমস্যা ছাড়া। অথচ সারা জীবনে সে একবারই কোনো কারণে অনিসের সাথে সময় কাটিয়ে আনিসকে কি রবীন্দ্রনাথের মধ্যবর্তী বানিয়ে ফেলল চিরতরে?

www.bdcomcn.com

অবলম্বন প্রেম ২

মাঝে মাঝে মনে হয় এর থেকে বেরিয়ে আসতে, মনে হয় আরেকটা নিষিদ্ধ সম্পর্ক করা প্রয়োজন, তাহলেই হয়ত আনিসের চিন্তা থেকে মুক্তি মিলবে কিন্তু সাহসে কুলায় না। এই ত্রিশের উপর পার করা বয়সে হঠকারিতা ভাল্লাগে না। সত্যি সত্যি কারোর প্রেমে পরলে হতো অন্যকথা, সেই আদিখ্যেতাও আর নেই বিশেষ করে মা হবার পর।

মা হবার সময় কি কম কষ্ট আর টেনশন গেল? আনিসের সাথে সেই রাতের পাগল করা মিলনের কিছুদিনের পরেই বিভা প্রেগন্যান্ট হলো। বিভা খুব ভয় পেয়ে গিয়েছিলো, ক্রমাগত মনে করার চেষ্টা করেছিলো, হিসাব করার চেষ্টা করেছিলো কিছুতেই হিসাব মিলছিল না।

তারপর একদিন ঘুমাতে যাবার সময় খট করে মনে পরেছিল যে অনিসের ওখান থেকে ফেরার পর সেই কিছুদিনের মাঝে শুধু একবার স্বামীর সাথে মিলন হয়েছে আধো ঘুমের ভেতর। ভরসা পেয়েছিল তাতেই, হালে পানি পেয়েছিলো বিভা। তারপরও এখনো কখনো কখনো গভীরভাবে মেয়েকে পর্যবেক্ষণ করে, কোথায় কোথায় ইরিনার সাথে সৈকতের মিল আছে সেটা খুঁজে অশান্ত মনকে শান্ত করে।

www.bdcomcn.com

আনিসের কথা ভাবে বিভা, বেশ কিছুদিন যোগাযোগ নেই, না থাকাই হয়তো ভালো তবে সময়ের পরিবর্তন হয়েছে, আজকাল এত যোগাযোগের মাধ্যম তৈরি হয়ে গেছে যে চেষ্টা করলেও যোগাযোগ পুরোপুরি বন্ধ করা সম্ভব না। ফোন মোবাইল ছাড়াও আনিসের মেসেঞ্জার আছে, ফেসবুক একাউন্ট আছে যেমন বিভার আছে। অনেকবার বিভা ব্লক করেছে, আবার নিজেই ব্লক তুলে নিয়েছে, সেই চক্র চলছে গত তিন বছর ধরে।

(৩)

ইরিনাকে নিয়ে বাচ্চাদের ফানল্যান্ডে আসে সৈকত দুপুরে। আমেরিকার এশিয়ান ইমিগ্রান্টদের বেবি বুম যে হয়েছে তা এখানে আসলে বোঝা যায়। সেখানে আরেক বাংলাদেশি অনিকের সাথে দেখা। অনিকদের বয়স সৈকত-বিভাদের মতোই, পার্থক্য তবে এরই মাঝে তিন বাচ্চার বাবা-মা হয়েছে তারা। সবসময় হাসিখুশি অনিককে দেখলে সৈকত বেশ অবাক হয়, কিভাবে ম্যনেজ করে সংসার? বরাবরের মত অনিক অমায়িক হাসি দিয়ে এগিয়ে আসে

-অনেকদিন দেখা নেই সৈকত ভাই, কেমন ছিলেন?

- ভাল অনিক ভাই, কেমন আছেন, ভাবি এসেছে?

- না, ও তো আমাদের নামিয়ে দিয়ে গ্রোসারী কিনতে গেল। আপনার খবর কি, দেশের খবর ফলো করেছেন?

- হ্যাঁ, এই তথ্যের যুগে খবর না চাইলেও খবর এসে যায়, আপনার ভাবির তো বাংলাদেশী সব চ্যানেল সারাদিন চালিয়ে রাখার অভ্যাস

-আমাদের বাসাতেও সেই একই অবস্থা কাল অবশ্য দেশের বাসায় ফোনে কথা হলো, সমস্যার অন্ত নেই, এখন ইলেকট্রিক সমস্যা, গ্যাস সমস্যা, পানি সমস্যা – কয়টা বলবো

-হবে না কিছুই ভাই, এভাবেই আমাদের দেশ চলবে আশা আর নিরাশার দোলাচলে

- এখন শুনছি দুই আহমদের (ফখরুদ্দিন এবং মইন ইউ) বিচার করা হবে

www.bdcomcn.com

অবলম্বন প্রেম ২

- বিচার করতে করতে তো বেলা গেল, আসল কাজ তো কিছুই হচ্ছে না। বিচার করা যেমন দরকার, বর্তমানের কাজও তো করতে হবে। আর আমাদের অপরিপক্ক মিডিয়াগুলি তো এসব ছাড়া প্রধান সংবাদ করছে না

- আমাদের দেশ চালানো হলো পৃথিবীর সবচেয়ে ঘনবসতি-সম্পন্ন বিশাল একটা সংস্থা চালানোর মতো যার বেশিরভাগ কর্মচারীরাই দুর্নীতিপরায়ণ। তাই শুধু দুই উপায় আছে, প্রথমটা হলো মাথা থেকে পরিষ্কার- তার মানে হলো এমন এক রাষ্ট্রপ্রধান প্রয়োজন যার থাকবে চলন্ত উড়োজাহাজ মেরামত করার মত সামর্থ্য। আর দ্বিতীয় উপায় হলো তৃণমূল থেকে সরকার গঠন করা, তবে আমাদের শিক্ষার যে অভাব আর তৃণমূল যে ভয়াবহভাবে কুসংস্কারাচ্ছন্ন, এই পথ সম্ভব না আমাদের প্রেক্ষাপটে

- সেটাতো মানলাম থিওরি হিসাবে। বাস্তবে তো অবস্থা আরও কাহিল। বালি দিয়ে ফাউন্ডেশন করে তো আর বড় দালান বানানো সম্ভব না, আমাদের দেশের ফাউন্ডেশন তো সুন্দরবনের মতো

- হা. হা মন্দ বলেননি, আচ্ছা আজ ডিনারে চলে আসেন ভাবিকে নিয়ে প্লিজ, অনেক আলাপ হবে

-আচ্ছা দেখি ওর সাথে কথা বলে, বিকেলে ফোন দিয়ে জানাবো যদি আসতে পারি

ইরিনাকে নিয়ে বের হয় সৈকত, বাসার দিকে যাবে। বাসায় যেতে ইচ্ছা করে না, বিভার সাথে দেখাই করতে ইচ্ছা করে না সত্যি বলতে। ত্যক্ত বিরক্ত দাম্পত্য জীবন যাকে বলে, সম্পূর্ণ সুতার উপর ঝুলছে সেটা। যদি কোনদিন ট্রেনে দেখা মেয়েটার মত কারোর সাথে দেখা হয়ে দুইজন ঝুলে যায়, বিভার সুতা কি তখন টিকবে? দূর থেকে দেখতে পায় নেহা ভাবি অনিকের সাথে মিনি ভ্যানে উঠছে, দুইজনে কি উজ্জ্বল, হাসি তামাসায়- দীর্ঘশ্বাস ছাড়ে সৈকত, শেষবার কবে বিভার সাথে প্রাণ খুলে হেসেছিল মনে করতে পারে না।

www.bdcomcn.com

(৪)

-হ্যালো প্রিয়তমা রিয়ানা, ঘুম ভেঙ্গেছে?

- না এখনো ঘুমাই, তোমাকে স্বপ্ন দেখেছি জানো

- তাই, কি দেখলে?

- দেখলাম আমরা বিয়ে করছি, একটা খুব খুব পুরানো জ্যাজ ক্লাবে আমাদের বিয়ে হচ্ছে, অনেক হৈ-হল্লা, কিন্তু সমস্যা হয়ে গেল বাদককে নিয়ে, তারা আসলোই না

- হু, বিয়েটা কি তাহলে হয়েছিল?

- তা জানি না। আচ্ছা তোমাকে একটা প্রশ্নও করি, তোমার কখনো মনে হয় আমাদের পরের স্টেপ নিয়ে, আমাদের বয়স তো আর থেমে নেই। আমার সম্পর্কে তোমার নতুন কিছু জানারও নেই বোঝারও নেই। শারীরিক আর মানসিক সবকিছুই তো ওপেন আমাদের মাঝে, এখন আমরা যেমন আছি আর ছয় মাস পরের পার্থক্য আমাকে বোঝাতে পারবে?

আনিস এই প্রশ্নের জন্য একেবারেই প্রস্তুত ছিল না। একবার বলতে চাইলো ছয়মাস পরে আমাদের সম্পর্ক নাও থাকতে পারে, কিন্তু মুহূর্তে নিজেকে সামলে নিলো। ঠিক এই মুহূর্তে কেন যেন বিভার কথা মনে পরে গেল, সাথে সেই উন্মাতাল রাতের কথা। বিভাকে তখন মনে হয়েছিল অপার্থিব কেউ, বিভা চলে যাবার পর কিছু একটা পরিবর্তন হয়েছে আনিসের, সেটা ঠিক কি ধরতে পারছে না। অনেকের মাঝে সে বিভাকে খুঁজেছে। আনিসের তো এখন আর বিশের ঘরে বয়েস নেই, আবেগ অনেক সংযত। ও ভালোভাবেই জানে বিভাকে পরিপূর্ণভাবে সবসময়ের জন্য না পাবার কারণেই হয়ত এই অসম্পূর্ণতা, অতৃপ্তি। আর যখন চিন্তায় আসে যে বিভা অন্য একজনের সাথে একই ছাদের নিচে থাকে তখন এই অতৃপ্তি আর অসম্পূর্ণতা এত বেড়ে যায় যে রিয়ানা সেটা পূরণ নাও করতে পারে।

----------o----------

www.bdcomcn.com

বিদেশ বাড়িতে পয়লা ঈদ

প্রকৌশলী আতিক

উশি, চীন

ঘুমটা অনেক সকালেই ভাঙল। গোসল করে, হালকা নাস্তা করে, একটা শেরওয়ানি গায়ে চাপিয়ে, রওনা দিলাম। প্রচণ্ড ঠাণ্ডা তবুও জ্যাকেট গায়ে দিইনি। আরও ছিলাম ই-বাইকের পিছনে। কাঁপতে কাঁপতে আধমরা অবস্থা। কিন্তু ঈদগাহ ময়দানে গিয়ে চাঙ্গা হয়ে গেলাম, দেখি সবাই আমার দিকে তাকিয়ে আছে। ভুল বুঝার কোনো অবকাশ নেই, ওরা আমার পোশাক দেখছিল, ভাবটা এমন যে এইটা কি জিনিশ?

মনে পড়ে সময়টা ১৯৯৭, আমরা সবাই ট্রেনে করে ঢাকা যাচ্ছি রংপুর থেকে। চার সিটে আমরা চার জন। ছোটবেলায় বেশিরভাগ ঈদ গুলোই নানা বাড়িতে গিয়ে করতাম। এখন অবশ্য মনে নেই ঠিক কত সময় লাগত তখন, কিন্তু সত্যি ওটা খুব আনন্দদায়ক ছিল। বিশেষ করে ফেরি পারাপার এর সময়টা। আমি আব্বুর সাথে স্টিমারের ক্যান্টিনে গিয়ে খেতাম। প্রচণ্ড ক্ষুধায় ডাল-ভাত সাথে এক পিছ ইলাস্টিক টাইপ খাসির মাংস, কি যে অসাধারণ লাগত বলে বোঝানো যাবেনা।

এর পরে আর ঈদকে কেন্দ্র করে নানা বাড়িতে যাওয়া হয়নি। রংপুরে আমার ঈদ ছিল বিটিভি কেন্দ্রিক। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত টিভি দেখে আর বারে বারে খাওয়ার পরে যখন ক্লান্ত হয়ে যেতাম, তখন বন্ধুদেরকে কল করতাম। হয়ত চার পাঁচ জন মিলে কোনো এক বন্ধুর বাড়ি গিয়ে কিছুক্ষণ আড্ডা, তারপর কোনো পার্কের ধারে চটপটি বা ফুসকা, অবশেষে বাড়ি। বাসায় ফিরে ইত্যাদি অথবা ঈদের নাটক দেখে ঘুমিয়ে পড়া, এই হলো ঈদের দিন।

গত ২৯ আগস্ট ২০১১ রাতে আমার ফ্লাইট ছিল। সকালের কুয়াশা তখনও কাটেনি, আমি তখন বেইজিং এয়ারপোর্টে। মাঝে কুনমিং এ ঘণ্টা খানেক বিরতি ছিল, কিন্তু কুনমিং এয়ারপোর্ট এত বিজি যে কোন দিক দিয়ে সময় পার হয়ে গেল বলতেই পারবনা।

আমরা মনে হয় ৩৭ জন বাঙ্গালি স্টুডেন্ট ছিলাম। তো কিছুক্ষণ ওয়েট করার পরে আমাদেরকে নিতে আসল দুটি বাস। বাসে চড়ে বেইজিং ল্যাঙ্গুয়েজ এন্ড কালচার ইউনিভার্সিটি তে যাচ্ছি। অবাক হয়ে গেলাম এখানকার রাস্তা ঘাট দেখে। যেদিকে তাকাই শুধু ওভারব্রিজ আর ওভারব্রিজ। মনে হচ্ছিল সাপ লুডু খেলার ছক।

পরের দিন ছিল চীনে ঈদের দিন। অনেকেই নামাজ পড়তে গেল। অফিস থেকে দুরে কোথাও যেতে মানা ছিল, যেকোনো সময় আমার মূল গন্তব্য-স্থলে (উশি) যাওয়ার টিকেট আসতে পারে।

www.bdcomcn.com

বিদেশ বাড়িতে পয়লা ঈদ

আমি আবার অপটিমিস্টিক মাইন্ডের কিনা তাই সারা দিন রুমেই কাটালাম। দুপুরে বের হয়ে মুসলিম রেস্টুরেন্টে খেলাম। ঈদকে ব্যতিক্রম কিছু মনে হলো না, আর নামাজ না পড়লে ঈদের আর কিছু থাকে?

যাইহোক পরের দিন আমার গন্তব্য উশির উদ্দেশ্যে রওনা দিলাম। ১৭ ঘণ্টার ট্রেন জার্নি। সাথে দুইজন বাঙ্গালী আর তিন জন আফ্রিকান। ছোটবেলার সেই ট্রেনের সাথে এর কোনো মিল নেই। এখানে এসে নিজেকে গুছিয়ে আর অ্যাড-জাস্ট করে নিতে মাস খানেক লেগে গেল। এর মধ্যে আমার একটি জন্মদিনও উদযাপন করলাম। এরই মাঝে চলে এলো কোরবানির ঈদ। এবার কিছুটা উত্তেজনা বিরাজ করতে লাগল আমার মাঝে।

আমরা বাঙ্গালীরা সবাই ঠিক করলাম একটা ভেড়া কুরবানি দিব। কিন্তু আইনগত জটিলতা, একটি ভেড়ায় একজনের বেশি শেয়ার, মাংসের বণ্টন ইত্যাদি নানাবিধ জটিলতার কারনে এই পরিকল্পনা ভেস্তে গেল। আমি আমার মত করে প্রিপারেশন নিলাম। সব চাইনিজ বন্ধুদেরকে দাওয়াত করলাম। ঈদের তিন দিন আগে দুইটা গ্রুপ আসল দিন

আমার রুমে, অ্যারাবিয়ান গ্রুপ ঈদের দিন পাহাড়ে বারবিকিউ আয়োজন করবে, চাঁদা ৫০ ইউয়ান। আর পাকিস্তানি গ্রুপ রাতে গেট টুগেদারেরে আয়োজন করবে, চাঁদা ২০ ইউয়ান। মনে মনে এই রকম কিছুর জন্যই অপেক্ষা করছিলাম, তো আমাকে আর পায় কে, তাড়াতাড়ি চাঁদা দিয়ে দিলাম। পরের দিন ছিল আমার স্টাডি ট্যুর, আনহুই প্রভিন্সে। দুই দিনের টানা জার্নি শেষে ঈদের আগের দিন রাতে ক্যাম্পাসে ফিরে এলাম। আমাদের মসজিদ ক্যাম্পাস থেকে ২৫ কিমি দুরে, নামাজ শুরু হবে সকাল ৯.০০ টায়। নামাজ থেকে ফিরে এসে বারবিকিউ তারপর রাতে পার্টি। চাইনিজদেরকে দাওয়াত দিয়েছি, কাজেই রান্নাতো করতেই হবে! নিরুপায় হয়ে ক্লান্ত শরীরে মনোবল যুগিয়ে রান্নায় লেগে গেলাম, ভাগ্যিস ফ্রিজে একটা মুরগি ছিলো।

www.bdcomcn.com

বিদেশ বাড়িতে পয়লা ঈদ

ঘুমটা অনেক সকালেই ভাঙল। গোসল করে, হালকা নাস্তা করে, একটা শেরওয়ানি গায়ে চাপিয়ে, রওনা দিলাম। প্রচণ্ড ঠাণ্ডা তবুও জ্যাকেট গায়ে দিইনি। আরও ছিলাম ই-বাইকের পিছনে। কাঁপতে কাঁপতে আধমরা অবস্থা। কিন্তু ঈদগাহ ময়দানে গিয়ে চাঙ্গা হয়ে গেলাম, দেখি সবাই আমার দিকে তাকিয়ে আছে। ভুল বুঝার কোনো অবকাশ নেই, ওরা আমার পোশাক দেখছিল, ভাবটা এমন যে এইটা কি জিনিশ? নামাজ পড়ে অনেক সময় ধরে ফটো-সেশন হলো, তারপর বাসে করে ব্যাক করলাম।

গোটা তিরিশেক ই-বাইকে আমাদের বারবিকিউ এর সরঞ্জামাদি নিয়ে রওনা দিলাম পাহাড়ের দিকে। যুতসই একটা জায়গা পছন্দ করে থামলাম। সব ঠিকঠাক কিন্তু আগুন-তো জ্বলে না। এদিকে সবার পেটে শুরু হয়ে গেছে মারামারি। অনেক কষ্টে আগুন ধরলেও মাংস তো আর কম না। সবার জন্য একটা করে গোটাল মুরগি, সাথে মাটন এর শিক। সব গুলো হতে হতে ২.৩০টা বেজে গেল। খাওয়া শেষ করতে করতে ৪.০০টা। অনেক ইনজয় করলাম সময়টা।

এদিকে আমার চাইনিজ ফ্রেন্ডরা আমাকে কল দেওয়া শুরু করেছে। তাড়াতাড়ি করে গিয়ে ওদেরকে আপ্যায়ন করলাম। রাতে পার্টিটাও অনেক ভাল হলো। শেষে বাঙ্গালীরা মিলে রাতে ক্যাম্পাসে ঘুরলাম আর গান করলাম।

অনেক দিন পরে মনে হল যেন আমি আবার সেই আনন্দটা ফিরে পেলাম, ছোটবেলার সেই নানা বাড়িতে ঈদের আনন্দ, পার্থক্য এতটুকুই যে, আমার পরিবারের বাকি তিন জন আমার সাথে নেই।

----------o----------

www.bdcomcn.com

কবিতা



শেখ মুজিবুর রহমান

মুন্সি ফয়েজ আহমদ (রাষ্ট্রদূত)
বাংলাদেশ দূতাবাস, বেইজিং

উৎসবে, পালা পার্বনে,
সুখে-দুঃখে, নানা আয়োজনে-
মনে পড়ে কত প্রিয়জনে।
চোখের আড়ালে আছে যাঁরা-
সারি সারি আজ উঁকি দেয় তাঁরা।
সব ছেড়ে উজ্জ্বলতম একজন-
রক্তে মাংসে তাঁরে জানিনি তেমন।
দিনে-দিনে, তিলে -তিলে তাঁরে-
মনের মাধুরী দিয়ে গড়েছে এ-মন।
আপনার চেয়ে আপন সে-জন,
প্রিয়জন মাঝে সবচেয়ে প্রিয়জন।
আকাশ ছুঁয়ে ঋজু দন্ডায়মান-
শেখ মুজিবুর রহমান।

উৎসবে, পালা পার্বনে,
সুখে-দুঃখে, নানা আয়োজনে-
মনে পড়ে কত প্রিয়জনে।
স্মৃতিতে জাগে যত প্রিয় শিক্ষকের মুখ
দলে দলে তাঁরা সবাই আসুক।
সর্বাগ্রে দেখ শ্রেষ্ঠতম এক শিক্ষক-
ছিলেন না তিনি শ্রেনী কক্ষের অধ্যাপক।
নিজেকে চেনার শিক্ষা দিয়েছেন তিনি ;
আপন শক্তিকে জানার দীক্ষা দিয়েছেন তিনি ;
অধিকার লড়ে নাও শিখিয়েছেন তিনি ;
জাতিকে অহঙ্কারে জাগিয়েছেন তিনি।
প্রত্যয়ে দৃপ্ত, গৌরবে মহীয়ান
শেখ মুজিবুর রহমান।



উৎসবে, পালা পার্বনে,
সুখে-দুঃখে, নানা আয়োজনে-
মনে পড়ে কত প্রিয়জনে।
পথ প্রদর্শক প্রিয় নেতাদের কথা মনে হয়।
একে একে আসে স্মৃতির পাতায়, কানে কানে কথা কয়।
সবারে ছাড়িয়ে দেখ কিংবদন্তী এক নেতা-
সকল নেতার নেতা তিনি বাংলার ত্রেতা।
কাল বোশেখীর দূর্দম ঝাপটার মত
মেঘমন্দ্র, গুরু গম্ভীর আহবানে তাঁর
দূর হয়ে যায় জীর্ণ, পুরাতন, মুমুর্ষু যত।
পথের দিশারী, ছিল সে যে সদা জাগ্রত।
লক্ষ্যে অটল, সদা আগুয়ান-
শেখ মুজিবুর রহমান।

উৎসবে, পালা পার্বনে,
সুখে-দুঃখে, নানা আয়োজনে-
মনে পড়ে কত প্রিয়জনে।
পূর্ব পুরুষ যত প্রিয় পিতা, পিতামহে মনে পড়ে।
স্মৃতির মিছিলে আজ একে একে ভিড় করে।
সব ভিড় ছেপে দেখ একজন সেই পিতা-
বিশাল বক্ষে ভালবেসে যিনি সকল শিশুর মিতা ;
চোখে মুখে যাঁর সদা আঁকা দেখ মায়া আর মমতা ;
সন্তান যাঁর মুক্তি পিয়াসী আপামর জনতা ;
যাঁর হাত ধরে হাঁটি হাঁটি পা-পা থেকে পেয়েছি এ -স্বাধীনতা।
চারিদিকে আজ কবি শিল্পীরা করে তাঁরই কথকতা।
সেই মহাপিতা মৌন মহান-
শেখ মুজিবুর রহমান।

চাইনা কোথাও যেতে

——— শামীম রেজা
বেইজিং

আমিতো তোমাকে ছেড়ে চাইনা কোথাও যেতে

পৃথিবীর সর্বাপেক্ষা মনোরম স্থানে

অথবা স্বর্গের সোপানে, তোমাকে একা ফেলে ।

স্বপ্নে শিউরে উঠি যখন দেখতে পাই

ছেড়ে যাচ্ছি এই কোলাহল স্থান

বন্ধুর আড্ডা, অথবা তোমার আদর ।

আকাশের কাছে আমার কিসের প্রত্যাশা?

রোদ? বৃষ্টি? পাথরের কণা? নাকি বজ্র?

তোমার কাছে আমার কিসের প্রত্যাশা?

একটু আদর , নাকি ভালবাসা ?

নাকি প্রতিদিনের একটু শান্তনা?

হঠাৎ আমার বুকে কেঁপে উঠে পৌষের বাতাস

আমার দু-চোখে শ্রাবনের নদী বয়ে যায়,

তোমাকে হারাব বলে একরাশ বুকভরা ব্যাথা ।

বোবা চিৎকারে আর্ত কণ্ঠে তখনি বলে উঠি

তোমার বুকের মধ্যে আমাকে লুকিয়ে রাখো ।

আমি এই পৃথিবী ছেড়ে, এই মাটির গন্ধ ভুলে

আকাশের আত্মীয়তা ছেড়ে, তোমাকে একা ফেলে

চাইনা কোথাও যেতে, কোথাও যেতে ।

ভ্রমণ

ফাংশানের 'ইউন জু' মন্দিরে একদিন-১

আ, বা. ম. ছালাউদ্দিন

সি আর আই, বেইজিং

আমার প্রবীণ সহকর্মী শি চিং উ ভাই আমাকে বেশ কয়েকটি মন্দির মেলার পাশা পাশি পেইচিং এর উপকণ্ঠের একট জেলায় প্রায় দেড় হাজার বছরেরও বেশি-পুরোনো একটি মন্দিরের কথা বললেন। আমি সংগে সংগে তা গ্রহণ করলাম। জানালাম অবশ্যই সেখানে যাবো। সমস্যা দেখা দিল একলা যাবো কি করে। প্রকৃতি আর ঐতিহাসিক ও দর্শনীয় স্থান ঘুরে বেড়ানো আমার খুব ছোট বেলাথেকেই শখ। সময় পেলেই চলে যেতাম আমার দেশের দর্শনীয় স্থানে বা হারিয়ে যেতাম কাছা কাছি কোন প্রকৃতির মাঝে। সাথে সব সময়ই থাকতো একটা ক্যামেরা।

প্রকৃতি আর ঐতিহাসিক ও দর্শনীয় স্থান ঘুরে বেড়ানো আমার খুব ছোট বেলাথেকেই শখ । সময় পেলেই চলে যেতাম আমার দেশের দর্শনীয় স্থানে বা হারিয়ে যেতাম কাছা কাছি কোন প্রকৃতির মাঝে । সাথে সব সময়ই থাকতো একটা ক্যামেরা । আমার মনে আছে স্কুলে যাবার সময় মা'র কাছ থেকে এক আনা করে পেতাম । মাসে দু'একদিন অনেক অনুরোধ করে হয়তো দু' আনাও পেয়েছি । সেই সব টাকা স্কুল সঞ্চয় ব্যাংকে জমিয়ে সপ্তম শ্রেণীতে পড়ার সময় জীবনে প্রথম পাঁচ টাকা দিয়ে আগফা গেভার্টের একটি মডেল ক্যামেরা কিনেছিলাম । ছবি তুলে কুমিল্লা শহরের রূপায়ন স্টুডিওতে গিয়ে তা আবার প্রিন্ট করতাম । কানুদা ছিলেন স্টুডিওর মালিক । তিনি সেই ছোট বেলায়ই আমাকে ছবি তোলার ক্ষেত্রে যে উৎসাহ দিয়েছেন তা আজীবন স্মৃতির পাতায় লেখা থাকবে । কলেজে ভর্তি হওয়ার পর আবারও টাকা জমিয়ে তিরিশ টাকা দিয়ে কিনেছিলাম একটি রোলিফ্ল্যাক্স ১২০ মডেল ক্যামেরা । প্রতিবারে মাত্র ১২টি ছবি তুলতে পারতাম । সে যে কি আনন্দ ছিল তা এখন লাখ টাকার ক্যামেরা কিনেও পাই না । এখনতো ক্যানন আর নাইকনের সর্বশেষ মডেলের ক্যমেরা এবং তার সাথে বিভিন্ন ধরণের লেন্স ও ট্রাইপড ব্যবহার করছি । তারপরও অতীতের স্মৃতি আমাকে নিয়ে যায় এক অনাবিল আনন্দময় স্বপ্নের গভীরতায় ।

চীনে আসার পর খুব যে একটা ঘুরেছি তা নয় । কাজের ফাঁকে যতটা পেরেছি আর কি । এবারে বসন্ত উৎসবের ছুটিটা বেশ লম্বাই পেলাম । আগে থেকেই ঠিক করা ছিল যে এবারের ছুটিতে পেইচিং এবং কাছা কাছি দুরত্বের দু'একটি প্রদেশ বা জেলায় যাবো । আমার প্রবীণ সহকর্মী শি চিং উ ভাই আমাকে বেশ কয়েকটি মন্দির মেলার পাশা পাশি পেইচিংএর উপকণ্ঠের একট জেলায় প্রায় দেড় হাজার বছরেরও বেশি পুর-োনো একটি মন্দিরের কথা বললেন । আমি সংগে সংগে তা গ্রহণ করলাম । জানালাম অবশ্যই সেখানে যাবো । সমস্যা দেখা দিল একলা যাবো কি করে। প্রকৃতি আর ঐতিহাসিক ও দর্শনীয় স্থান ঘুরে বেড়ানো আমার খুব ছোট বেলাথেকেই শখ । সময় পেলেই চলে যেতাম আমার দেশের দর্শনীয় স্থানে বা হারিয়ে যেতাম কাছা কাছি কোন প্রকৃতির মাঝে । সাথে সব সময়ই থাকতো একটা ক্যামেরা । আমার মনে আছে স্কুলে যাবার সময় মা'র কাছ থেকে এক আনা করে পেতাম । মাসে দু'একদিন অনেক অনুরোধ করে হয়তো দু' আনাও পেয়েছি ।

ফাংশানের 'ইর্ডন জু' মন্দিরে একদিন-১

ফেংশানের ইর্ডন জু মন্দিরের সামনে লেখক

আমার আবাসস্থল থেকে সে স্থানটি প্রায় তিরিশ কিলোমিটার দূরে । যেতে প্রায় পঞ্চাশ মিনিটের মত লাগে । কথামত তিনি আসার একটু আগেই পৌঁছে গেলাম সেখানে । বাস স্ট্যান্ডের পাশেই থাকা কেএফসি ফার্স্ট ফুডের দোকানে পরিচালকের সংগে টেলিফোনে আলোচনা অনুযায়ী এককাপ ধূমায়ীত কফির কাপ নিয়ে বসার কিছুক্ষণের মধ্যেই তিনি তার ছেলেকে নিয়ে চলে এলেন । তিনি আমাকে নিয়ে রাস্তা পেরিয়ে উপকণ্ঠগামী বাসস্ট্যান্ডে এলেন । অবাক করার বিষয় হলো একই নম্বরের বাস যাচ্ছে বিভিন্ন যায়গায় । বিদেশীদের জন্য সেসব বাস নির্ধারণ করে যাত্রা করা সত্যিই দুসাধ্য । যদিও বাসের নম্বরের পাশেই লেখা রয়েছে সেটি কোথায় যাবে । বেশ কিছুক্ষণ অপেক্ষা করার পর আমার কাঙ্খিত বাসটি এলো । বিশাল লাইন । ভাগ্যিস আমি আগেই রোদেলা এই হীম ঠান্ডায় সবার আগেই দাঁড়িয়েছিলাম । তাড়াহুড়ো করে বাসে উঠে পড়লাম । সময়ও হলো না ম্যাডামকে তার এই অকৃত্তিম সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ দেয়ার। বাস ছুটে চললো ফেংশান জেলার উদ্দেশ্যে । যেতে হবে আরো ৭৫ কিলোমিটার দূরে । আর আমার মাথায় তখন ঘুরছে একাকী আমি কোথায় পরবর্তী বাস স্ট্যান্ড ইউন জু সি ? আমি ঠিকমত নেমে পরের ১২ বা ৩১ নম্বর বাসটি ধরতে পারবোতো ?

--- আ, বা. ম. ছালাউদ্দিন

ফাংশানের 'ইউন জু' মন্দিরে একদিন-২ (*http://bengali.cri.cn/541/2010/03/11/41s100847.htm*)

ফাংশানের 'ইউন জু' মন্দিরে একদিন-৩ (*http://bengali.cri.cn/541/2010/03/18/41s101075.htm*)

ফাংশানের 'ইউন জু' মন্দিরে একদিন – শেষ (*http://bengali.cri.cn/541/2010/03/25/41s101281.htm*)

----------o----------

SOCIAL AWARENESS AND BDCOMCN



We published this poster on World Aids day to our website (bdcomcn.com), our Facebook group, and some other pages on the web.

A Student's eye view of "Life in China"

Muktadir Rahman Chowdhury (Alvy)

The Immigration officer, while checking my passport at the airport, put it into word in a more explicit way, "People also go to china to study?"
As I am writing this article from Beijing, I guess it'll be redundant to say what my decision was, and so far it has proved to be a neat one. China with it's booming economy is one of the best places to build your career and also for living.

Pondering over the decision, pursuing my undergrad in china, I took three years back, reminds me how confused I was when I got the Chinese scholarship. Since China is not particularly well-known among the people who want to study abroad, I was in a fix whether or not i should go for it. The Immigration officer, while checking my passport at the airport, put it into word in a more explicit way, "People also go to china to study?"
As I am writing this article from Beijing, I guess it'll be redundant to say what my decision was, and so far it has proved to be a neat one. China with its booming economy is one of the best places to build your career and also for living.

Studying in china has it's pluses and minuses. If you are an undergrad-scholarship student you have to study in Chinese, which is not enjoyable at all. But if you learn the language well, your Chinese language skill will add a new dimension to your resume. In total, it's a 5 year course, including one year Chinese language course. Studying Chinese is real fun and it brings your childhood memory back to life. They teach Chinese with such care that gives you the forgotten taste of being a kid. The care, the attention , the encouragement , the appreciation , no matter how you perform , from the teacher , the immaculate childish ecstasy you go through after getting high mark in the class give this Chinese classes a whole new meaning. They really have their way to acquaint you with a language that is in every possible manner alien to you. They prepare you well enough for the fight that is studying your major in Chinese.

It is a common scenario in a Bangladeshi university that a bunch of students huddle together and babble for hours, while sipping tea and puffing cigarette. It is almost an integral part of their campus life. But here, in china, university is all about the following three: class, homework and exam. And when you are too busy maintaining the first two, before you know, the semester is finished and the third and the inevitable one, exam, is looming on you.

Life in China

